



বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

www.biwta.gov.bd

নৌ-নিরাপত্তা ও ট্রাফিক শাখা



নম্বর ১৮.১১.০০০০.১২৩.৪৪.০০১.১৮.২৪

তারিখ: ৭ অগ্রহায়ণ ১৪২৮

২২ নভেম্বর ২০২১

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: ঘনকুয়াশায় নৌযান পরিচালনা সম্পর্কিত জরুরী বিজ্ঞপ্তি।

এতদ্বারা অভ্যন্তরীণ নৌপথে চলাচলকারী সকল নৌযানের মাস্টার/ ডাইভার/ সুকানী/ গ্রীজার ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শীত মৌসুম শুরু হয়েছে। এ সময় দেশের অভ্যন্তরীণ নৌপথের বিভিন্ন স্থান ঘন কুয়াশাচ্ছন্ন থাকে। ঘন কুয়াশার সৃষ্টি হলে অভ্যন্তরীণ নৌপথে চলাচলকারী নৌযান চলাচলে মারাত্মক বিপ্লবের সৃষ্টি হতে পারে এবং দুর্ঘটনা ঘটানোর আশংকা থাকে। নৌযান ও যাত্রী সাধারণের নিরাপত্তার স্বার্থে অভ্যন্তরীণ জাহাজ (নৌচলাচল) বিধিমালা, ২০০১ অনুসরণে কুয়াশায় প্রযোজ্য শব্দ সংকেত এবং প্রযোজ্য অন্যান্য বিধানাবলী ও নির্দেশাবলী অনুসরণ পূর্বক নৌযান পরিচালনার জন্য এতদ্বারা নির্দেশ দেয়া হলো। যে কোন বিরূপ অবস্থা মোকাবেলায় এবং জরুরী প্রয়োজনে নৌযানের মাস্টারগণ বিআইডব্লিউটিএ'র কল সেন্টারে ১৬১১৩ নম্বরে যোগাযোগ করবেন। এ সময় স্ব-স্ব নৌযানের প্রতি সতর্ক নজর রাখার জন্য মালিকদের প্রতি অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, ঘন কুয়াশার সৃষ্টি হলে দিনের বেলাতেও যাত্রীবাহী নৌযান/ লঞ্চার নিরাপত্তা বিধানকল্পে বালুবাহী/ মালবাহী কার্গো/ নৌযান চলাচল সম্পূর্ণরূপে বন্ধ রাখতে হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নৌপুলিশসহ অন্যান্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর হস্তক্ষেপ কামনা করা যাচ্ছে।



২২-১১-২০২১

মুহাম্মদ রফিকুল ইসলাম

পরিচালক(নৌ-নিঃ ট্রাঃ)

ফোন: ০২ ৯৫১৩১৭০

কার্যার্থে প্রেরণ করা হল(মূলকপিতে নয়):

১) জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), জনসংযোগ ও শ্রমকল্যাণ শাখা, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ